



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
নথি  
www.a2i.gov.bd

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.৯৯.০০১৫.২২.১১০০১২

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: রক্ষণাবেক্ষণের জন্য ডি-নথি সিস্টেম সাময়িকভাবে বন্ধ থাকা সংক্রান্ত।**

ডি-নথি সিস্টেম ব্যবহারকারী সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নথি সিস্টেমের সার্বিক নিরাপত্তা, স্থিতিশীলতা এবং কার্যকারিতা আরও উন্নত করার লক্ষ্যে পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী রক্ষণাবেক্ষণ (Maintenance) কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। উক্ত রক্ষণাবেক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ০৮ মে ২০২৫ তারিখ রাত ৮:০০টা থেকে ১১ মে ২০২৫ তারিখ রাত ৯:০০টা পর্যন্ত ডি-নথি সিস্টেমের সকল কার্যক্রম সাময়িকভাবে বন্ধ থাকবে। উল্লিখিত সময়সীমায় নথি সিস্টেমে প্রবেশ এবং যেকোনো ধরনের দাপ্তরিক কার্যক্রম (ডাক প্রেরণ, ফাইল সৃষ্টি, পরিচালনা বা প্রেরণ, পত্রজারি) সম্পাদন করা সম্ভব হবে না। রক্ষণাবেক্ষণ কার্যক্রম শেষে নির্ধারিত সময় পরবর্তী নথি সিস্টেম পুনরায় চালু করা হবে। ডি-নথি সিস্টেমে প্রয়োজনীয় কার্যক্রম পেন্ডিং থাকলে উক্ত সময়ের পূর্বেই সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায়, বিষয়টি ডি-নথি সিস্টেম ব্যবহারকারী সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০৮-০৫-২০২৫

মোঃ রশিদুল মান্নান কবীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)

৫৫০০৬৯৩১

pd@a2i.gov.bd

ডি-নথি ব্যবহারকারী  
(সকল)।

